

কেন্দ্রীয় সরকারি কর্মীদের কাজের সময়সীমা বৃদ্ধি এবং শনিবারের ছুটি বাতিল সম্পর্কে প্রকাশিত খবরের কোনও সত্যতা নেই: সুস্পষ্টভাবে ঘোষণা কেন্দ্রীয় কর্মী ও প্রশিক্ষণ দপ্তরের

নয়াদিল্লি, ১৮ এপ্রিল, ২০১৭

কেন্দ্রীয় সরকারি কর্মীদের কাজের সময় বৃদ্ধি করা হচ্ছে বলে সংবাদ মাধ্যমের একাংশে যে খবর প্রকাশিত হয়েছে, সে সম্পর্কে কেন্দ্রীয় কর্মী, জনঅভিযোগ ও পেনশন মন্ত্রকের কর্মী ও প্রশিক্ষণ দপ্তরের পক্ষ থেকে সুস্পষ্টভাবে জানানো হয়েছে যে, কেন্দ্রীয় সরকারি দপ্তরে কাজের সময়সীমা বৃদ্ধি সম্পর্কিত কোনও প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই। এছাড়া, প্রকাশিত ও প্রচারিত খবরে শনিবারের ছুটি বাতিল করা হবে বলে যে তথ্য প্রকাশিত হয়েছে, তা সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন।

সংবাদ মাধ্যমের একাংশের পক্ষ থেকে জানানো হয়েছিল যে, কেন্দ্রীয় সরকারি দপ্তরগুলিতে কর্মীদের কাজের সময় বাড়িয়ে সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত করা হচ্ছে এবং শনিবারের ছুটি বাতিল করা হচ্ছে।

কর্মী ও প্রশিক্ষণ দপ্তরের পক্ষ থেকে এ ব্যাপারে জানানো হয়েছে যে, কাজের সময়সীমা বৃদ্ধি এবং শনিবারের ছুটি বাতিল প্রসঙ্গে কোনও রকম লিখিত বা মৌখিক নির্দেশ সরকারের পক্ষ থেকে জারি করা হয়নি।